দর্শনায় ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

দর্শনায় ১৫ই আগস্ট শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার রাত আটটায় দর্শনা পৌর আওয়ামী লীগ কার্যালয়ে প্রস্তুতি সভার সভাপতিত্ব করেন দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী।

দর্শনা পৌর আওয়ামী লীগের আয়োজনে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

তিনি বলেন বঙ্গবন্ধুর নেতৃত্বে আজ আমরা স্বাধীন জাতি হিসেবে বসবাস করছি। বাঙালি জাতির মুক্তিদাতা জাতির জনক কে ১৫ আগস্ট সপরিবারে হত্যার মধ্য দিয়ে এদেশের কলঙ্কিত সন্তানেরা সৃষ্টি করেছিল এক কালো অধ্যায়ের। আমরা জাতির জনকের সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারাদেশে উন্নয়ন কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছি। এই উন্নয়নকে ধরে রাখতে হলে শেখ হাসিনা সরকারের কোন বিকল্প নেই। তাই আবারো নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনা সরকারকে ক্ষমতায় আনতে হবে এজন্যে সকল ভেদাভেদ ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে ঐক্যবদ্ধ ভাবে নৌকা প্রতীকের পক্ষে কাজ করতে হবে। একটি কথা মনে রাখতে হবে বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়তে হলে ঐক্কের কোন বিকল্প নেই।

অনুষ্টানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খালি মুনসুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, পারকৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম , দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি শফিকুল আলম, আ.লীগ নেতা দর্শনা পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন, ফরজ মল্লিক, আ’লীগ নেতা জয়নাল আবেদীন নফর, সোলায়মান কবির, ফয়সাল

আহম্মেদ, হাজী হায়দার আলী, হাবিবুর রহমান, দাউদ হোসেন, হবি, সাইফুল ইসলাম হুকুম, আশরাফুজ্জামান বেল্টু, খালিদ হোসেন মিঠু।

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতি সভা

মুজিবনগরে ৫ ই আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক -দিবস- ২০২৩ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা করেছে উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, সহকারী কমিশনার ভূমি নাজমুস সাকিব, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলমসহ উপজেলার বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সুশিল সমাজের প্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ সাংবাদিক ও উপজেলার কর্মকর্তা কর্মচারীবৃন্ধ উপস্থিত ছিলেন।

সভায় ৫ ই আগষ্ট ও ১৫ ই আগষ্ট এই দুটি দিবস পালন উপলক্ষে বিভিন্ন কার্যক্রম গ্রহনের বিষয়ে সিন্ধান্ত গ্রহন করা হয়।